গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসিভবন (১০ম তলা)
৭-৯, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ২য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	: দিলীপ কুমার সাহা মহাপরিচালক
সভার তারিখ ও সময়	: ০৩ ডিসেম্বর, ২০২০; বেলা: ০২.০০ ঘটিকা।
সভার স্থান	: বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ ।

২। সভাপতি উপস্থিত নৈতিকতা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ও সহকারী পরিচালক জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম ও তার অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকসমূহের বিষয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র:নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১	২	৩	৪	৫	৬
১.	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	১.১ নৈতিকতা কমিটির সভা ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বস্ত্র অধিদপ্তরের এনআইএস ফোকাল পয়েন্ট, সভাকে অবহিত করেন যে, বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ১ম কোয়ার্টারে ৩১/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়, উক্ত সভায় ২৭টি সিদ্ধান্ত গৃহীত হয়। ২য় কোয়ার্টারে ০৩/১২/২০২০ তারিখে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়।	১. ১ম কোয়ার্টারে গৃহীত ২৭টি সিদ্ধান্তের মধ্যে ২৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। ২. ৩য় কোয়ার্টারে ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখা'কে অবহিত করতে হবে।	মোহাম্মদ মোজাম্মেল হক (ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি) এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখা
২.	দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	উপপরিচালক(প্রশাসন) সভাকে জানান, বস্ত্র অধিদপ্তরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা গত ১৫/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত	লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।	মোহাম্মদ মোজাম্মেল হক (ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি)

৭/১২/২০২০

ক্র:নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১	২	৩	৪	৫	৬
		২.২ অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	হয়েছে। গত ১৫/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত বস্ত্র অধিদপ্তরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার আলোচনা ও সিদ্ধান্তের উপর কার্যবিবরণী প্রস্তুত কার্যক্রম চলমান।	কার্যবিবরণী প্রস্তুত সম্পন্ন হলে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখা
		২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন ২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম ২.৩ ও ২.৪ অনুযায়ী চাকরি ও সুশাসন সংক্রান্ত বিষয়ে চাকরি ও সুশাসন সংক্রান্ত বিষয়ে ১ম কোয়ার্টারে কমপক্ষে ১১৪ জন এবং ২৫/০৮/২০২০ ও ২৬/০৮/২০২০ তারিখে আয়োজিত ইন-হাউস প্রশিক্ষণে বস্ত্র অধিদপ্তরের ৩৭ জন কর্মকর্তা-কর্মচারীদের চাকরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২য় কোয়ার্টারে কমপক্ষে ৩০জন কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। উপপরিচালক(প্রশাসন) জনাব মো: আব্দুর রহমান বলেন, ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বস্ত্র অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের গত ০৮/১১/২০২০ তারিখে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ এবং ২২/১১/২০২০, ২৩/১১/২০২০ ও ২৪/১১/২০২০ তারিখে চাকরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	১. লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। প্রমাণক সংরক্ষণ করতে হবে।	মো: আব্দুর রহমান, উপপরিচালক (প্রশাসন)(অ.দা.)

7/12/2020

ক্র:নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১	২	৩	৪	৫	৬
৩.	শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন	৩.৩ 'বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন নির্দেশিকা'র খসড়া তৈরি	উপপরিচালক(শিক্ষা) সভাকে বলেন, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম ৩.৩ মোতাবেক 'বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন নির্দেশিকা'র খসড়া তৈরির কাজ চলমান রয়েছে।	'বস্ত্র শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন নির্দেশিকা'র খসড়া আগামী ৩০/১২/২০২০ তারিখের মধ্যে প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মো: আব্দুস সালাম, উপপরিচালক (শিক্ষা)
৪.	ওয়েবসাইট সেবাবক্স হালনাগাদকরণ	৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ	বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বর সমূহ দৃশ্যমান করা হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে জানান।	১. লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।	মোহাম্মদ মোজাম্মেল হক (ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি) ও আইসিটি সেল
		৪.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ	১ম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে ওয়েবসাইট সেবাবক্স হালনাগাদ করা হয়েছিল। ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হচ্ছে মর্মে জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি সভাকে জানান।	২.ওয়েবসাইট সেবাবক্স হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নির্ধারিত তারিখের (৩১/১২/২০২০) মধ্যে ওয়েবসাইট সেবাবক্স হালনাগাদ করার সিদ্ধান্ত হয়।	মোহাম্মদ মোজাম্মেল হক (ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি) ও আইসিটি সেল
		৪.৩ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ	তথ্য অধিকার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব মহাদেব কুমার দেবনাথ বলেন, বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হচেছ।		এম, আবু সাদাত সায়েম, তথ্য অধিকার কর্মকর্তা
		৪.৪ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ	কার্যক্রম ৪.৪ মোতাবেক বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নকারী জিআরএস		মো: আব্দুর রহমান, জিআরএস কর্মকর্তা ও আইসিটি সেল

৭/১২/২০২০

ক্র:নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১	২	৩	৪	৫	৬
		৪.৫ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ	কর্মকর্তা জনাব মো: আব্দুর রহমান সভায় সভাপতিকে অবহিত করেন। স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য আগামী ৭ কর্ম দিবসের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হবে মর্মে তথ্য অধিকার কর্মকর্তা জনাব এম, আবু সাদাত সায়েম সভায় জানান।		এম, আবু সাদাত সায়েম, তথ্য অধিকার কর্মকর্তা
৫.	**সুশাসন প্রতিষ্ঠা**	৫.২ অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ	কার্যক্রম ৫.২ মোতাবেক অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ এর ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ৮৭.৫% অর্জিত হয়েছে এবং ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ২০% যথাসময়ে অর্জন সম্ভব মর্মে জিআরএস কর্মকর্তা, জনাব মো: আব্দুর রহমান সভাপতিকে অবহিত করেন।	যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে।	মো: আব্দুর রহমান, জিআরএস কর্মকর্তা
৬.	**প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার**	৬.২ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ ৬.৩ প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	কার্যক্রম ৬.২ মোতাবেক ১ম কোয়ার্টারে ৯টি প্রকল্প পরিদর্শন করা হয় ও বাস্তবায়ন অগ্রগতি ৬০% অর্জিত হয় এবং ২য় কোয়ার্টারে ৪টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ করতে হবে মর্মে সদস্য-সচিব কার্যক্রম ৬.৩ মোতাবেক উক্ত পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের হার অর্জন এর বিষয়ে সভাপতির নিকট নির্দেশনা চান। এপ্রেক্ষিতে সভাপতি আগামী ২১/১২/২০২০ তারিখের মধ্যে বস্ত্র অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণকে সংশ্লিষ্ট প্রকল্পের অগ্রগতি পরিদর্শন করে বাস্তবায়নযোগ্য সুপারিশসহ	প্রকল্পসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন করে বাস্তবায়নযোগ্য সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি এর নিকট দাখিল ও পরিদর্শনের সুপারিশসমূহ ৫০% বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	মহাপরিচালক/ পরিচালক/ উপপরিচালক

২২/১২/২০২০

ক্র:নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১	২	৩	৪	৫	৬
			পরিদর্শন প্রতিবেদন ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি এর নিকট দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন।		
৮.	স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ	৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণ ও বাস্তবায়ন	সিটিজেনস্ চার্টার কমিটির সদস্য জনাব মহাদেব কুমার দেবনাথ সভাকে জানান, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ সংশ্লিষ্ট কার্যক্রম ৮.১ মোতাবেক বস্ত্র অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) ১ম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০/০৯/২০২০ তারিখের মধ্যে হালনাগাদ করা হয়েছিল এবং ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ২৪/১২/২০২০ তারিখের মধ্যে হালনাগাদ করা হবে এবং বাস্তবায়নের কাজ অব্যাহত থাকবে।	১.বস্ত্র অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) আগামী ২৪/১২/২০২০ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে।	মো: আব্দুস সালাম (আহবায়ক, সিটিজেনস্ চার্টার কমিটি)
		৮.২ শাখা/অধিশাখা ও আওতাধীন /অধস্তন কার্যালয় পরিদর্শন	১ম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪টি শাখা পরিদর্শন করা হয় ও বাস্তবায়ন অগ্রগতি ৫৫.৫৫% অর্জিত হয়। ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী জনাব মো: আব্দুর রহমান, উপপরিচালক(জরিপ ও পরিসংখ্যান) সভাপতিকে জানান, তিনি ইতোমধ্যে জরিপ ও পরিসংখ্যান শাখা পরিদর্শন করে সুপারিশসহ একটি পরিদর্শন প্রতিবেদন ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি এর নিকট দাখিল করেছেন।		
		৮.৩ শাখা/অধিশাখা ও আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	কার্যক্রম ৮.২ এবং ৮.৩ মোতাবেক ২য় কোয়ার্টারের অবশিষ্ট ৪টি পরিদর্শন এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত উপপরিচালক (কারিগরি) জনাব মো: আব্দুস সালাম, উপপরিচালক(কারিগরি) জনাব	নির্ধারিত সময়ের মধ্যে শাখা পরিদর্শন করে সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি এর নিকট দাখিল করতে	জনাব মো: আব্দুস সালাম, উপপরিচালক (কারিগরি), জনাব মোহাম্মদ আলম রেজা, উপপরিচালক (কারিগরি), এবং

৭/১২/২০২০

ক্র:নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১	২	৩	৪	৫	৬
			মোহাম্মদ আলম রেজা এবং উপপরিচালক (কারিগরি) জনাব মো: নিজাম উদ্দিন'কে নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব শাখা পরিদর্শন করে বাস্তবায়নযোগ্য সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি এর নিকট দাখিলের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	হবে।	জনাব মো: নিজাম উদ্দিন, উপপরিচালক (কারিগরি)
		৮.৪ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ	২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ কাজ নির্ধারিত সময়ের পূর্বে সম্পাদন করতে হবে।	৩১/১২/২০২০ তারিখের মধ্যে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে।	মো: আব্দুর রহমান, উপপরিচালক (প্রশাসন)(অ.দা.)
		৮.৬ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন	ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি সভাকে জানান, বস্ত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে আগামী ২৯/১২/২০২০ তারিখে প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করা হবে।	আগামী ২৯/১২/২০২০ তারিখে প্রাতিষ্ঠানিক গণশুনানীর আয়োজন করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে।	মোহাম্মদ মোজাম্মেল হক (ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি)
৯.	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম	৯.১ বকেয়া বিদ্যুৎ, পানি ও জ্বালানীর বিল প্রদান	জনাব এ.কে.এম রাজিবুর রহমান, উপ-পরিচালক(অর্থ) (অ.দা.), সভাপতিকে জানান, কার্যক্রম ৯.১ অনুযায়ী বস্ত্র অধিদপ্তরের বিদ্যুৎ, পানি ও জ্বালানীর বিল সময়মত পরিশোধ করা হচেছ।	১. নিয়মিত বিদ্যুৎ, পানি ও জ্বালানীর বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এ.কে.এম রাজিবুর রহমান, উপপরিচালক (অর্থ) (অ.দা.) ও
		৯.২ রাজস্ব ও উন্নয়ন খাতের কোয়ার্টার ভিত্তিক বরাদ্দ সময়মত ছাড় নিশ্চিতকরণ	উন্নয়ন খাতের কোয়ার্টার ভিত্তিক বরাদ্দ সময়মত ছাড় নিশ্চিতকরণ করা হচ্ছে মর্মে উপপরিচালক(উন্নয়ন) সভাকে	২. ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা মোতাবেক উন্নয়ন(২৫%) খাতের কোয়ার্টার ভিত্তিক	মোহাম্মদ আলম রেজা, উপপরিচালক (উন্নয়ন)

৯/১২/২০২০

ক্র:নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১	২	৩	৪	৫	৬
			জানান।	বরাদ্দ ছাড় নিশ্চিত করতে হবে	
		৯.৪ সেবা সপ্তাহ প্রচলনকৃত ও প্রদত্ত সেবা কার্যক্রম মনিটরিং	সভায় আগামী ১লা ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত সেবা সপ্তাহ আয়োজন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	৩. আগামী ১লা ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত সেবা সপ্তাহ আয়োজন করতে হবে।	মো: সাইফুর রহমান, উপপরিচালক (কারিগরি)
		৯.৫ দপ্তরের সেবা মূল্য এর রশিদ প্রদান নিশ্চিতকরণ	জনাব রাজু আহমেদ সভাকে জানান, কার্যক্রম ৯.৫ মোতাবেক দপ্তরের সেবা মূল্য এর রশিদ প্রদান নিশ্চিতকরণ করার জন্য একটি রশিদ বই প্রস্তুত করা হয়েছে এবং নিয়মিত দপ্তরের সেবা মূল্য এর রশিদ প্রদান করা হচ্ছে।	৪. ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী দপ্তরের সেবা মূল্য এর প্রাপ্তি রশিদ প্রদান ১০০% নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রাজু আহমেদ, ওয়ান স্টপ সার্ভিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১১.	কর্মপরিবেশ উন্নয়ন	১১.১ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধিঅনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)	জনাব মো: আব্দুর রহমান, সদস্য, নৈতিকতা কমিটি সভাকে জানান, কর্ম-পরিবেশ উন্নয়নের (স্বাস্থ্য বিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) কাজ ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান রয়েছে।	১. ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্ম-পরিবেশ উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	মো: আব্দুর রহমান, উপপরিচালক (প্রশাসন)(অ.দা.)
১২.	অর্থ বরাদ্দ	১২.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ	বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের মাধ্যমে ব্যয় করা হচ্ছে মর্মে উপপরিচালক (অর্থ) সভাকে জানান।	লক্ষ্যমাত্রা অনুযায়ী বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে এবং ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে প্রমাণক সংযুক্ত করে প্রেরণ করতে হবে।	এ.কে.এম রাজিবুর রহমান, উপপরিচালক (অর্থ) (অ.দা.)

7/12/2020

ক্র:নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
১	২	৩	৪	৫	৬
১৩.	পরিবীক্ষণ ও মূল্যায়ন	১৩.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	তিনি সভাকে আরও জানান , কার্যক্রম ১৩.২ মোতাবেক নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনসমূহ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে দাখিল করা হবে ও বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হবে ।	আগামী ১৫/০১/২০২১ তারিখের মধ্যে ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ ও বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।	মোহাম্মদ মোজাম্মেল হক (ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি)
		১৩.৩ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	বস্ত্র অধিদপ্তর এবং অধিনস্থ প্রতিষ্ঠানসমূহ নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দিনব্যাপি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। সভাপতি নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনসমূহ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে দাখিল ও বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার নির্দেশ দেন এবং বস্ত্র অধিদপ্তর ও অধিনস্থ প্রতিষ্ঠানসমূহ নিয়ে ডিসেম্বর, ২০২০ এর মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দিনব্যাপী কর্মশালা আয়োজন করার জন্য ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি'কে নির্দেশনা প্রদান করেন।	৩. বস্ত্র অধিদপ্তর ও অধিনস্থ প্রতিষ্ঠানসমূহ নিয়ে ডিসেম্বর, ২০২০ এর মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দিনব্যাপী কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মোহাম্মদ মোজাম্মেল হক (ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি)

উপরোক্ত আলোচনার পর্যালোচান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য গৃহীত হয়:

১। বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম নং-৪ মোতাবেক ওয়েবসাইট সেবাবক্স হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নির্ধারিত ৩১/১২/২০২০ তারিখের মধ্যে ওয়েবসাইট সেবাবক্স হালনাগাদ করতে হবে।

৭/১২/২০২০

২। বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম নং-৮.৬ মোতাবেক বস্ত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে আগামী ২৯/১২/২০২০ তারিখে প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করতে হবে।

৩। বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম নং-৯.৪ মোতাবেক আগামী ১লা ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত সেবা সপ্তাহ আয়োজন করতে হবে।

৪। নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখা'কে অবহিত করতে হবে।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(দিলীপ কুমার সাহা)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

নং-২৪.০২.০০০০.০০৭.১৬.০০৩.২০-১১৮/১

তারিখ: ২২ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
৭ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি: (সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য)

১। পরিচালক (প্রশাসন)(অ.দা.), সদস্য, নৈতিকতা কমিটি, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

২। উপপরিচালক, শিক্ষা/বাস্তবায়ন/উন্নয়ন/প্রশাসন/রপ্তানি/অর্থ/পরিকল্পনা শাখা,বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৪। লাইব্রেরীয়ান, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা । (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

০৭/১২/২০২০
(মোহাম্মদ মোজাম্মেল হক)
সহকারী পরিচালক
ও
সদস্য সচিব
নৈতিকতা কমিটি, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।